

ঠাকুরগাঁও সরকারি কলেজ

বিষয়ঃ ইসলামের ইতিহাস ও সংক্ষিতি

২য় পত্র পত্র কোড়ঃ ২৬৮ পূর্ণমানঃ ৩০

দ্বাদশ শ্রেণি সূজনশীল প্রশ্ন-- অ্যাসাইনমেন্ট ' ২০২১

[যে কোন তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে]

১. অজয়নগর ও বিজয়নগর পাশাপাশি অবস্থিত দুটি গ্রাম। শাহাদাঁ সাহেবের অজয়নগর গ্রামের সবচেয়ে প্রভাবশালী ব্যক্তি, অন্যদিকে আমিন সাহেব বিজয়নগরের একজন ধনাত্য ব্যবসায়ী। দুজনেরই শক্তিশালী লাঠিয়াল বাহিনী আছে, যারা ছোটখাট বিষয় নিয়ে দ্বন্দ্ব ও সংঘাতে জড়িয়ে পড়ে। কিছুদিন আগে শাহাদাঁ সাহেবের এলাকা থেকে আমিন সাহেবের লোকজন শস্য ও গবাদি পশু জোর করে নিয়ে যায়। শাহাদাঁ সাহেবের আমিন সাহেবের কাছে এর বিচার চান। আমিন সাহেবের তাতে কর্ণপাত করেননি। এতে শাহাদাঁ সাহেবের রাগান্বিত হয়ে আমিন সাহেবের এলাকায় হামলা চালায়। আমিন সাহেবের তা প্রতিহত করতে গিয়ে পরাজিত হন এবং তিনি নিজেও প্রাণ হারান।

১

২

ক. দেবল বন্দর কোথায় অবস্থিত?

খ. আরবদের সিঙ্গু বিজয়ের প্রাকালে ভারতে সামাজিক অবস্থার বিবরণ দাও।

গ. উদ্দীপকে উল্লিখিত শস্য ও গবাদি পশু জোর করে ধরে নিয়ে যাওয়ার সাথে সিঙ্গু বিজয়ের কোন কারটির সাদৃশ্য রয়েছে ব্যাখ্যা কর।

৩

ঘ. উদ্দীপকের ন্যায় উক্ত ঘটনাটি সিঙ্গু বিজয়ের একমাত্র কারণ নয়, বিশ্লেষণ কর।

৪

২. সাহাদ মাহমুদ ইতিহাস বই পড়ছিল। সে দুজন গজনি শাসকের ভারত অভিযান সম্পর্কে পাঠ করে। একজন ১৭ বার ভারত অভিযান করে প্রতিটি অভিযানেই সফল হন। অন্যজন তরাইনে দুইবার যুদ্ধে অবর্তীর্ণ হন। প্রথমে পরাজিত হলেও দ্বিতীয়বার জয়ী হন।

১

২

ক. সুলতান মাহমুদ কে ছিলেন?

খ. সরুক্তগিনের পরিচয় ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে সাহাদ মাহমুদের পঠিত প্রথম ব্যক্তির মধ্যে কোন গজনি সুলতানের কোন অভিযান ফুটে ওঠে-নিরূপণ কর।

৩

ঘ. উদ্দীপকে সাহাদ মাহমুদের পঠিত দুজন ব্যক্তির মধ্যে তুলনামূলক আলোচনা কর।

৪

৩. জমিদার আবুল হাসান মৃত্যুর পূর্বে তাঁর বিদূরী ও বুদ্ধিমতি কন্যা হাসনা বানুকে তাঁর বিশাল জমিদারীর উত্তরাধিকারী মনোনীত করেন আপনজনদের নানামূর্খী বিরোধীতার সম্মুখীন হয়ে তাঁকে জমিদারী হারাতে হয়েছিল। কিন্তু শত্রুদের হাতে তাঁর ভাইয়ের মৃত্যুর পর পুনরায় তিনি জমিদারী ফিরে পান। সব যোগ্যতা থাকা সত্ত্বেও নারীসূলভ দুর্বলতার কারণে তিনি নানা ষড়যষ্ট্রের শিকার হয়ে কাঞ্চিত সফলতার পরিচয় দিতে পারেননি।

১

২

ক. 'আইবক' শব্দের অর্থ কী?

৩

৪

খ. রক্তপাত ও কর্তৃরন্তির কেন গ্রহণ করা হয়েছিল?

১

২

গ. উদ্দীপকে উল্লিখিত জমিদারের কন্যার সাথে দিল্লী সালতানাতের কোন শাসকের মিল রয়েছে? ব্যাখ্যা কর।

৩

৪

ঘ. হাসনা বানু ও উক্ত নারী শাসকের ব্যর্থতার কারণ একই সুত্রে গাঁথা-উক্তিটি বিশ্লেষণ কর।

৪. সুলতান সুলেমান বারবার অন্য একটি দেশে অভিযান পরিচালনা করেন এবং অবশেষে দেশে ফিরে আসেন। অভিযানে তিনি যে ধনসম্পদ অর্জন করেন তা শিক্ষাবিষ্টার ও উল্লয়নমূলক কাজে ব্যয় করেন। এক পর্যায়ে তিনি তাঁর রাজ্যকে একটি সমৃদ্ধশালী রাজ্য পরিণত করেন।

১

২

ক. তরাইনের দ্বিতীয় যুদ্ধ কত সালে সংঘটিত হয়?

৩

৪

খ. সতীদাহ প্রথা কি? ব্যাখ্যা কর।

১

২

গ. উদ্দীপকে বর্ণিত ঘটনার সাথে তোমার পঠিত কোন শাসকের মিল রয়েছে? ব্যাখ্যা কর।

৩

৪

ঘ. "উক্ত শাসক শুধু সেনা নায়কই ছিলেন না, একটি রাজ্যের প্রতিষ্ঠাতাও ছিলেন"। এ কথাটির ব্যাখ্যা কর।

৫. উসমানের পূর্বপুরুষেরা গোবি মরণভূমির একটি ক্ষুদ্র রাজ্যের শাসক ছিলেন। সেখানে শক্তপক্ষের শক্তির কারনে সুবিধা করতে না পেরে তারা এশিয়া মাইনরে চলে আসেন। এশিয়া মাইনরে বহুদিন ধরে সেলজুকুরা শাসন করলেও উত্তরাঞ্চলে ক্ষুদ্র ক্ষুদ্র বেশকিছু স্বাধীন ও শক্তিশালী গ্রীক রাজ্য বিদ্যমান ছিল। উসমান শেষ সেলজুক সুলতান আলাউদ্দীনের পতন ঘটিয়ে সেখানে উসমানীয় সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন। তিনি শক্তিশালী গ্রীক রাজাদেরও পরাজিত করে যে বিশাল উসমানীয় সাম্রাজ্য গঠন করেন তা কয়েক শতাব্দী স্থায়ী হয়েছিল।

১

২

ক. 'বাবর' শব্দের অর্থ কী?

৩

৪

খ. পানিপথের ১ম যুদ্ধে বাবরের জয়লাভের প্রধান কারণ কী? ব্যাখ্যা কর।

১

২

গ. উদ্দীপকে এশিয়া মাইনরে গমনের সাথে বাবরের ভারতে আগমনের সামঞ্জস্য কোথায়? ব্যাখ্যা কর।

৩

৪

ঘ. সাম্রাজ্য প্রতিষ্ঠায় উসমানের কৃতিত্বের আলোকে স্মার্ট বাবরের কৃতিত্ব মূল্যায়ণ কর।

১

২